অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/5/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ক্যাটস্কিল ভিলেজে রূপান্তরকারী পানির ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্টের শুরু ঘোষণা করলেন

25 মিলিয়ন মার্কিন ডলারের সিউয়ার প্রজেক্টটি বাসিন্দাদের জন্য নির্ভরযোগ্য সেবা নিশ্চিত করবে এবং হাডসন রিভারকে রক্ষা করবে

5 মিলিয়ন মার্কিন ডলারের খাওয়ার পানির প্রজেক্টে একটি 100 বছরের পুরোনো পানির মেইন লাইনকে বদলে দেওয়া হবে

স্টেটের বিনিয়োগ নিউ ইয়র্কের পরিষ্কার পানির লক্ষ্যকে অগ্রসর করে চলেছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে ক্যাটস্কিল ভিলেজে (Village of Catskill) মোট 30 মিলিয়ন মার্কিন ডলারের রূপান্তরমূলক পানি ও সিউয়ার প্রজেক্টের নির্মাণকাজ শুরু হয়েছে। ভিলেজটি সেকেলে বর্জ্যপানি এবং ঝড়ের পানির ব্যবস্থাকে আধুনিক করবে যাতে হাডসন রিভারকে (Hudson River) রক্ষা করা যায় এবং আরো মজবুত, আরো স্থিতিশীল একটি কমিউনিটি গঠন করা যায়। এছাড়াও ভিলেজটি একশত বছরের পুরোনো পানির মেইন লাইনকে বদলে দিবে এবং বাড়তি উন্নয়নকাজ করবে যা খাওয়ার পানিকে সুরক্ষিত রাখবে। স্টেট, ফেডারেল এবং স্থানীয় বিনিয়োগ একত্রিত হয়ে, যার মধ্যে 24 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান আছে, প্রজেক্টগুলিকে স্থানীয় ট্যাক্সপেয়ারদের জন্য সাশ্রয়ী করছে এবং একই সাথে ক্যাপিটাল ডিস্ট্রিক্টে (Capital District) ভালো বেতনের চাকরি তৈরি করছে। প্রজেক্টগুলি ক্যাটস্কিলের গুরুত্বপূর্ণ অগ্রগতির চিহ্ন, যা হলো আরো পরিষ্কার পানি, আরো মজবুত ইনফ্রাস্ট্রাকচার এবং বিকাশের জন্য নতুন সুযোগ।

"এই প্রজেক্টটি পরিষ্কার পানি এবং ক্রয়ক্ষমতার ব্যাপারে নিউ ইয়র্কের (New York) অবিচল প্রতিশ্রুতিকে তুলে ধরে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "সেকেলে পানির ব্যবস্থাকে আধুনিক করে এবং হাডসন রিভারের ক্ষতিকর দূষণ কমিয়ে দিয়ে আমরা নিশ্চিত করছি যাতে কমিউনিটিগুলির কাছে নিরাপদ, পরিষ্কার পানির অ্যাক্সেস থাকে, এবং এর জন্য পরিবারের বাজেটে বাড়তি চাপ যোগ না হয়। এই বিনিয়োগগুলি শুধু আমাদের বাসিন্দাদের এখনকার স্বাস্থ্যকে সুরক্ষিত রাখবে না, বরং এছাড়াও নিউ ইয়র্কবাসীদের জন্য আরো সাস্টেনেবল একটি ভবিষ্যৎ তৈরি করবে।"

ক্যাটস্কিলের সিউয়ার প্রজেক্টটি স্যানিটারি সিউয়ারে ইনফ্লো এবং ফিলট্রেশন কম করবে, যার ফলে ভবিষ্যতে চারটি সেকেলে সিউয়ার আউটফলের ডিকমিশন করা সম্ভব হবে যা বর্তমানে ভারী বৃষ্টিপাতের সময় অপরিশোধিত বা আংশিকভাবে পরিশোধিত বর্জ্যপানি হাডসন রিভারে নিয়ে ফেলে। স্থানীয় সিউয়ার নেটওয়ার্কের মুখ্য অংশগুলির উন্নয়ন করার মাধ্যমে প্রজেক্টটি দূষণ কম করবে, বাসিন্দাদের জন্য নির্ভরযোগ্য বর্জ্যপানির সেবা নিশ্চিত করবে, এবং চরম আবহাওয়া সম্পর্কিত প্রভাবের বিরুদ্ধে কমিউনিটির আরো মজবুত করবে।

খাওয়ার পানির প্রজেক্টটি হলো একটি সার্বিক চেষ্টার অংশ যার মধ্যে আছে পুরোনো পানির মেইন লাইন বদলে দেওয়া, সেডিমেন্টেশন বেসিন নতুন করে গঠন করা, একটি নতুন পানি জমিয়ে রাখার ট্যাংক নির্মাণ করা, এবং বিদ্যমান পানি ফিলট্রেশন প্ল্যান্টকে উন্নত করা। এই প্রজেক্টটি হলো ভিলেজের পানির সরবরাহের দীর্ঘমেয়াদি স্বাস্থ্য এবং নিরাপত্তা নিশ্চিত করার জন্য একটি উল্লেখযোগ্য অগ্রগামী ধাপ।

এই প্রজেক্টগুলির তহবিল গঠিত হয়েছে পরিষ্কার পানির জন্য গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক প্রতিশ্রুতি থেকে পাওয়া অনুদান এবং স্টেটের রিভলভিং ফান্ডস (State Revolving Fund) থেকে পাওয়া বিনিয়োগ দিয়ে, যা ফেডারেল Infrastructure Investment and Jobs Act (IIJA) দিয়ে আংশিকভাবে বাড়ানো হয়েছে। স্টেটের রিভলভিং ফান্ডস হলো স্টেটের পরিষ্কার পানির লক্ষ্য অগ্রসর করতে নিউ ইয়র্কের প্রাথমিক আর্থিক ব্যবস্থা, এটি পুরো স্টেটের কমিউনিটিগুলিকে প্রতি বছর কয়েক বিলিয়ন মার্কিন ডলার দিয়ে থাকে। IIJA-এর মাধ্যমে পাওয়া অতিরিক্ত ফেডারেল বিনিয়োগ ফান্ডসের ক্ষমতা বাড়িয়ে দিয়েছে, যার ফলে কমিউনিটিগুলি এমন অতি গুরুত্বপূর্ণ পানি ও সিউয়ার প্রজেক্ট শুরু করতে পারছে যা স্থানীয় ট্যাক্সপেয়ারদের জন্য আর্থিক চাপ সর্বনিম্ন করছে।

এই বিনিয়োগগুলি হলো ইন্‌ফ্রাস্ট্রাকচারের জন্য দেওয়া স্টেট এবং ফেডারেল মার্কিন ডলারের প্রভাব সর্বোচ্চ করার জন্য নিউ ইয়র্কের বৃহত্তর কৌশলের অংশ, যা নিশ্চিত করবে যাতে প্রত্যেক অঞ্চল আরো পরিষ্কার পানি, আরো নিরাপদ ব্যবস্থা, এবং দীর্ঘমেয়াদি সাস্টেনেবিলিটির লাভ পায়।

সিউয়ার প্রজেক্টের তহবিলে আছে:

- স্টেটের Water Quality Improvement প্রোগ্রাম এবং Water Infrastructure Improvement অনুদান থেকে 13.7 মিলিয়ন মার্কিন ডলার।
- IIJA তহবিল দিয়ে বাড়িয়ে দেওয়া ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড (Clean Water State Revolving Fund) থেকে পাওয়া 7.5 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল অনুদান এবং 3.8 মিলিয়ন মার্কিন ডলার সুদমুক্ত তহবিল

খাওয়ার পানির প্রজেক্টের তহবিলে আছে:

- স্টেটের Water Infrastructure Improvement অনুদান প্রোগ্রাম থেকে 2.9 মিলিয়ন মার্কিন ডলার
- ড্রিংকিং ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড (Drinking Water State Revolving Fund) থেকে পাওয়া কম সুদের 2 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল

পানির মাণ সুরক্ষিত রাখার পাশাপাশি এই প্রজেক্টগুলি নির্মাণ, ম্যানুফ্যাকচারিং, প্রকৌশল, এবং অন্যান্য সম্পর্কিত ইন্ডাস্ট্রির চাকরিকে সমর্থন করবে। প্রজেক্টগুলির কাজ একাধিক ফেজে সম্পূর্ণ হবে। 2026 সালের গ্রীষ্মকালে এই ফেজটি শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের (Environmental Facilities Corporation, EFC) প্রেসিডেন্ট এবং CEO Maureen A. Coleman (মরিন এ কোলম্যান) বলেন, "এইসব অতি গুরুত্বপূর্ণ প্রজেক্টকে সমর্থন করতে পেরে EFC গর্বিত যা ক্যাটস্কিলকে এবং হাডসন রিভারের আশেপাশের কমিউনিটিকে সরাসরি লাভবান করবে, এবং পরিষ্কার পানির জন্য গভর্নর Hochul-এর (হোকল) স্টেটব্যাপী প্রতিশ্রুতিকে আরো অগ্রসর করবে। স্টেটের রিভলভিং ফান্ডসের কারণে এবং নিউ ইয়র্কের অভীষ্ট পানি ইনফ্রাস্ট্রাকচার অনুদানের কারণে আমরা কমিউনিটিগুলিকে এমন প্রজেক্ট করতে সাহায্য করতে পারছি যা হয়তো নাহলে নাগালের বাইরেই থাকতো। এই বিনিয়োগগুলি শুধু আমাদের পরিবেশকে রক্ষা করবে না, বরং এছাড়াও স্থানীয় ট্যাক্সপেয়ারদের জন্য দীর্ঘমেয়াদি ক্রয়ক্ষমতা নিশ্চিত করবে।"

ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation, DEC) কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "ক্যাটস্কিলের অতি গুরুত্বপূর্ণ ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্টগুলি খাওয়ার পানিকে রক্ষা করবে, হাডসন রিভারের দূষণ কম করবে, এবং দিনে দিনে বাড়তে থাকা বিধ্বংসী ঝড়ের বিরুদ্ধে আরো মজবুত করবে। EFC এবং ভিলেজের নেতাদের পার্টনার হতে পেরে DEC গর্বিত এবং আমরা গভর্নর Hochul-এর (হোকল) পরিষ্কার পানির অগ্রাধিকারগুলিকে অগ্রসর করছি এবং এই ধরণের প্রজেক্টে রেকর্ড বিনিয়োগ করছি যাতে এগুলি কমিউনিটির জন্য আরো সাশ্রয়ী হয় এবং পুরো অঞ্চলের বাসিন্দাদের সুরক্ষিত রাখে।"

নিউ ইয়র্ক স্টেটের হেলথ কমিশনার Dr. James McDonald (ডাঃ জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "গভর্নর Hochul (হোকল) ক্যাটস্কিলের কমিউনিটি এবং পুরো নিউ ইয়র্ক স্টেটের জন্য নিরাপদ খাওয়ার পানির অ্যাক্সেস নিশ্চিত করতে তার প্রতিশ্রুতি ধরে রেখেছেন। সকলের জন্য সাশ্রয়ী পানির ইন্‌ফ্রাস্ট্রাকচারে বিনিয়োগ করা হলো জনস্বাস্থ্যের জন্য অতি প্রয়োজনীয়। অতি গুরুত্বপূর্ণ এই রিসোর্স এবং নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য রক্ষা করতে স্টেটের হেলথ ডিপার্টমেন্ট (Health Department) আমাদের ফেডারেল, স্টেট এবং স্থানীয় পার্টনারদের সাথে কাজ করতে থাকবে।"

সিনেটর Charles Schumer (চার্লস শুমার) বলেন, "ক্যাটস্কিলের প্রত্যেক পরিবার ও বাসিন্দার কাছে পরিষ্কার খাওয়ার পানি এবং একটি আধুনিক পানি-সিউয়ার ব্যবস্থার অ্যাক্সেস থাকা উচিত। ভিলেজের বর্জ্যপানি এবং ঝড়ের পানির ব্যবস্থাকে আধুনিক করতে আমাদের বাইপার্টিসান Infrastructure, Investment & Job আইন থেকে কয়েক মিলিয়ন মার্কিন ডলার তহবিল দিতে পেরে আমি গর্বিত। এটি সিউয়ার আউটফ্লো পরিষ্কার করে হাডসন রিভারকে পরিষ্কার করতে সাহায্য করবে এবং বাসিন্দাদের জন্য আরো পরিষ্কার খাওয়ার পানির অ্যাক্সেস নিশ্চিত করবে, একই সাথে ভালো বেতনের অনেক, অনেক চাকরি তৈরি করবে। আমাদের স্টেটের পুরোনো পানির ইনফ্রাস্ট্রাকচার বদলে দিতে এবং আমাদের কমিউনিটিগুলিকে

অর্থনৈতিকভাবে নিরাপদ, স্বাস্থ্যবান এবং অর্থনৈতিকভাবে প্রাণবন্ত রাখতে গভর্নর Hochul-এর (হোকল) পার্টনারশিপের জন্য আমরা কৃতজ্ঞ।"

স্টেটের সিনেটর Michelle Hinchey (মিশেল হিঞ্চি) বলেন, "আধুনিক পানির ইন্‌ফ্রাস্ট্রাকচারে বিনিয়োগ করা হলো আমাদের জন্য হাডসন রিভার ভ্যালির ওয়াটারশেড রক্ষা করার এবং ক্যাটস্কিল ভিলেজের মতো স্থানীয় কমিউনিটিগুলির জন্য পরিষ্কার, নির্ভরযোগ্য খাওয়ার পানি নিশ্চিত করার সবথেকে কার্যকরী উপায়গুলির একটি। নিউ ইয়র্কে দেশের সবথেকে পুরোনো পানির ব্যবস্থাগুলির একটি আছে এবং প্রায়ই এইসব উন্নয়নের খরচ এতো বেশি হয় যে ছোট কমিউনিটিগুলির জন্য এক তা করা সম্ভব হয়ে উঠে না। ক্যাটস্কিলের এই পানির ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন সম্ভব করার জন্য স্টেটের সমর্থন নিশ্চিত করতে সাহায্য করতে পেরে আমি গর্বিত, এবং এটি সম্ভব করতে গভর্নর Hochul-এর (হোকল) পার্টনারশিপের জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

গ্রিন কাউন্টির (Greene County) অর্থনৈতিক বিকাশ, পর্যটন, এবং পরিকল্পনার ডিরেক্টর James Hannahs (জেমস হান্নাহস) বলেন, "পরিষ্কার পানির অ্যাক্সেস এবং কার্যকর ঝড়ের পানির ব্যবস্থাপনা হলো উন্নত জীবনযাত্রার মাণের জন্য অতি প্রয়োজনীয় যা জোরদার করা এবং ধরে রাখার জন্য গ্রিন কাউন্টি চেষ্টা করছে। তাদের পানির ইনফ্রাস্ট্রাকচারে এইসব প্রয়োজনীয় উন্নয়ন এবং হাডসন রিভারের জন্য দৃঢ় নিরাপত্তার মাধ্যমে ক্যাটস্কিল ভিলেজ একটি পরিবার বড় করা, ব্যবসা শুরু করা, এবং গ্রেট নর্দার্ন ক্যাটস্কিলসের (Great Northern Catskills) সাথে সংযুক্ত হওয়ার একটি প্রধান গন্তব্য হিসেবে নিজেদের অবস্থান পাকাপোক্ত করবে।"

ক্যাটস্কিল ভিলেজ বোর্ডের (Catskill Village Board) প্রেসিডেন্ট Natasha Law (নাতাশা ল) বলেন, "ক্যাটস্কিল ভিলেজ এটি ঘোষণা করতে পেরে আনন্দিত যে আমরা আনুষ্ঠানিকভাবে আমাদের পানি ও সিউয়ার প্রজেক্টের কাজ শুরু করছি, 16.6 মিলিয়ন মার্কিন ডলার স্টেটের অনুদান, 7.5 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল অনুদান, এবং ক্লিন ওয়াটার অ্যান্ড ড্রিংকিং ওয়াটার স্টেট রিভলভিং ফান্ডস থেকে পাওয়া অতিরিক্ত অর্থ দিয়ে এর জন্য তহবিল তৈরি হয়েছে। অতি প্রয়োজনীয় এই উন্নয়নকাজগুলি আমাদের কমিউনিটির মধ্যে পানির মাণকে সুরক্ষিত রাখবে। 2026 সালের গ্রীষ্মকালের মধ্যে এই ফেজের কাজ শেষ হবে বলে আমরা আশা করছি এবং আমাদের ভিলেজের জন্য এর ভালো প্রভাব দেখতে আমরা আগ্রহী।"

পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি

নিউ ইয়র্ক স্টেট পানি অবকাঠামোতে এর দেশসেরা বিনিয়োগ বৃদ্ধি করে চলেছে, যার মধ্যে রয়েছে শুধু স্টেটের অর্থবছর 2024 এর জন্য স্থানীয় পানি অবকাঠামো প্রকল্পের জন্য EFC থেকে প্রদত্ত 2.2 মিলিয়ন মার্কিন ডলারের বেশি আর্থিক সহায়তা। অর্থবছর 2026 সালের প্রণীত বাজেটে পরিষ্কার পানি অবকাঠামোর জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করার জন্য গভর্নর Hochul (হোকল)-এর ঘোষণার ফলে 2017 সাল থেকে এই বছর পর্যন্ত নিউ ইয়র্ক পানির অবকাঠামোতে মোট 6 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। পানির অবকাঠামো প্রকল্পের জন্য সাহায্য প্রয়োজন এমন যেকোনো সম্প্রদায়কে EFC এর সাথে যোগাযোগ করতে উৎসাহিত

করা হচ্ছে। নিউ ইয়র্কবাসীরা ইন্টারেক্টিভ প্রজেক্ট ইমপ্যাক্ট ড্যাশবোর্ড ব্যবহার করে EFC এর বিনিয়োগগুলি থেকে উপকৃত প্রকল্পগুলিকে ট্র্যাক করতে পারবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন